

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্টদের উপস্থিতিতে ৩০-০১-২০২৩ তারিখে অনুষ্ঠিত ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : সঞ্জয় কুমার বণিক, অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ : ৩০-০১-২০২৩
সময় : বেলা ৩.০০ ঘটিকা।
উপস্থিতি : ভারুয়াল জুম মাধ্যম।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে আজকের ফিডব্যাক সভাটি অনুষ্ঠিত হচ্ছে। অতঃপর তিনি ২০২২-২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে দপ্তর/সংস্থার নিকট থেকে প্রাপ্ত দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদনের সংক্ষিপ্তসার উপস্থাপনের জন্য বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলাম-কে অনুরোধ জানান। উক্ত উপস্থাপনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

০২. সভায় সভাপতি কর্তৃক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে নৌপরিবহন মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানানো হয়।

০৩. সভাপতি বলেন যে, নৌপরিবহন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার প্রত্যেকের নিজ নিজ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা রয়েছে। তিনি সভায় প্রতিটি সূচকের সফল বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের কার্যকর ভূমিকা রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার সুশাসন প্রতিষ্ঠায় অন্তরায় দূরীকরণে গৃহীত পদক্ষেপসমূহ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। এছাড়া সভায় অভিমত প্রকাশ করা হয় যে, পোর্টাল আপডেট রাখা, অভিযোগ নিষ্পত্তি জোরদারকরণ, গুড প্রাকটিস অনুশীলন, ভাল কাজের জন্য নিয়মিত প্রণোদনার ব্যবস্থা করা গেলে প্রত্যাশিত লক্ষ্যে পৌঁছা সম্ভব হবে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০৪. সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ৪.১ প্রত্যেক দপ্তর/সংস্থা তাদের নিজস্ব কর্মপরিকল্পনা বাস্তবায়নে আরও উদ্যোগী হবে।
- ৪.২ নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে
- ৪.৩ ফোকাল পয়েন্টকে সংশ্লিষ্টদের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত

১২/০২/২০২৩


সঞ্জয় কুমার বণিক

অতিরিক্ত সচিব (উন্নয়ন)

নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন শাখা

স্মারক নং- ১৮.০০.০০০০.০৪১.২৭.০০১.২১-২৩

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৩


(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব

ফোন : ৫৫১০১০৪৪

মেইল: ds.gg.@mos.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মবক/চবক/পাবক/বাস্থবক/জানরক।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
- ৪। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট এবং পাবনা।
- ৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৭। মুহাম্মদ নাজমুল হক, সিনিয়র সহকারী সচিব (শুদ্ধাচার শাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

দৃ.আ. (সকল দপ্তর/সংস্থার
শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল
পয়েন্ট কর্মকর্তা)